# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 18 July, 2025

গ্লোবাল সুপার লিগে (জিএসএল) দারুণ খেলছে রংপুর রাইডার্স।তবে দলের পারফরম্যান্সের উল্টো চিত্র সৌম্য সরকারের ব্যক্তিগত ফর্মে। ধারাবাহিক ব্যর্থতার মধ্যে এবার তিনি গড়েছেন এক বিব্রতকর রেকর্ড—যেখানে তার সঙ্গী সাকিব আল হাসান।

লিগ পর্ব শেষ হওয়ার আগেই রংপুর ফাইনাল নিশ্চিত করেছে। তাই শেষ ম্যাচটি হয়ে পড়ে নিয়মরক্ষার। প্রভিডেন্স স্টেডিয়ামে সেন্ট্রাল ডিস্ট্রিক্টসের বিপক্ষে টস জিতে ব্যাট করতে নামে রংপুর।ইনিংসের দ্বিতীয় বলেই ফেরেন সৌম্য সরকার।সেন্ট্রালের স্পিনার অ্যাঙ্গাস শয়ের বলে বড় শট খেলতে গিয়ে লং অনে ম্যাথিউ ফোর্ডের হাতে ধরা পড়েন তিনি।এটি ছিল 'গোল্ডেন ডাক'—প্রথম বলেই শূন্য রানে আউট।

এই আউটের মাধ্যমে সৌম্য পৌঁছে যান এক অনাকাঙ্ক্ষিত রেকর্ডে। স্বীকৃত টি-টোয়েন্টিতে বাংলাদেশের হয়ে সবচেয়ে বেশি 'ডাক' খাওয়া ব্যাটারদের তালিকায় এখন যৌথভাবে শীর্ষে তিনি।সাকিব আল হাসানের সঙ্গে দুজনেই ৩২ বার করে শূন্য রানে আউট হয়েছেন।

এই তালিকায় আরও আছেন ইমরুল কায়েস (২২), তামিম ইকবাল (২০) ও মুশফিকুর রহিম (১৯)।তবে তারা কেউই এখন আর সাকিব-সৌম্যর এই রেকর্ড ভাঙার ধারেকাছেও নেই।

সারণি: স্বীকৃত টি-টোয়েন্টিতে বাংলাদেশের সর্বোচ্চ 'ডাক'

সাকিব আল হাসান - ৩২

সৌম্য সরকার - ৩২

ইমরুল কায়েস - ২২

তামিম ইকবাল - ২০

মুশফিকুর রহিম - ১৯

সাকিব আল হাসান সৌম্য সরকার

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 22:07